ঢাকা বিশ্ববিদ্যালয় বার্তা

৩২ বর্ষ ১ম সংখ্যা | ওয়েব সাইট : http://www.du.ac.bd (DU Barta) | ২ মাঘ ১৪২৪, ১৫ জানুয়ারি ২০১৮

ঢাবি এশিয়ার সেরা ৩৫০ বিশ্ববিদ্যালয়ের তালিকায় স্থান পেল

ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণার মান বৃদ্ধির জন্য বর্তমান প্রশাসন নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এরই স্বীকৃতিস্বরূপ এশিয়ার সেরা ৩৫০ বিশ্ববিদ্যালয়ের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় স্থান করে নিয়েছে। লন্ডনভিত্তিক সংস্থা 'টাইমস হায়ার এডুকেশন'-এর এশিয়ার সেরা বিশ্ববিদ্যালয় র‍্যাংকিং-এ ঢাকা বিশ্ববিদ্যালয় স্থান পাওয়ায় গত ৯ জানুয়ারি ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানকে অভিনন্দন জানিয়ে একটি ফ্যাক্স বার্তা পাঠানো হয়।

আগামী ৫-৭ ফেব্রুয়ারি ২০১৮ তারিখে চীনের শেনঝেন শহরে অনুষ্ঠেয় 'টাইমস হায়ার এডুকেশন'-এর এশিয়া ইউনিভার্সিটিজ সামিট-এ এশিয়ার সেরা বিশ্ববিদ্যালয়ের র‍্যাংকিং আনুষ্ঠানিকভাবে ঘোষণা করা হবে। তিন দিনব্যাপী এই সম্মেলনে এশিয়ার সেরা বিশ্ববিদ্যালয়গুলোর প্রেসিডেন্ট/উপাচার্য অংশগ্রহণ করবেন। উক্ত সম্মেলনে অংশগ্রহণের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানকে আমন্ত্রণ জানানো হয়েছে।

ঢাকা বিশ্ববিদ্যালয় এবং কলকাতা রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়ের যৌথ উদ্যোগে দু'দিনব্যাপী 'ঢাকা বিশ্ববিদ্যালয় উৎসব ২০১৭'-এর উদ্বোধনী অনুষ্ঠান গত ১৮ ডিসেম্বর ২০১৭ রবীন্দ্রনাথের জন্মস্থান জোড়াসাঁকোর রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অনুষ্ঠিত হয়েছে। উৎসবের উদ্বোধন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। এসময় রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক সব্যসাচী বসুরায় চৌধুরী, ঢাকা বিশ্ববিদ্যালয় নৃত্যকলা বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক রেজওয়ানা চৌধুরী বন্যা প্রমুখ উপস্থিত ছিলেন।

কলকাতায় 'ঢাকা বিশ্ববিদ্যালয় উৎসব'

ঢাকা বিশ্ববিদ্যালয় এবং কলকাতা রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়ের যৌথ উদ্যোগে দু'দিনব্যাপী 'ঢাকা বিশ্ববিদ্যালয় উৎসব ২০১৭'-এর উদ্বোধনী অনুষ্ঠান গত ১৮ ডিসেম্বর ২০১৭ রবীন্দ্রনাথের জন্মস্থান জোড়াসাঁকোর রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অনুষ্ঠিত হয়েছে। উৎসবের উদ্বোধন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। এসময় রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক সব্যসাচী বসুরায় চৌধুরী, ঢাকা বিশ্ববিদ্যালয় নৃত্যকলা বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক রেজওয়ানা চৌধুরী বন্যা প্রমুখ উপস্থিত ছিলেন।

উৎসবের প্রথম দিন ঢাকা বিশ্ববিদ্যালয়ের নৃত্যকলা বিভাগ পরিবেশন করে ময়মনসিংহগীতিকা অবলম্বনে নৃত্যনাট্য 'মহুয়ার পালা'। উৎসবের দ্বিতীয় ও শেষ দিনে পরিবেশিত হয় সংগীত বিভাগের পরিবেশনায় দেশের গান ও লোকগান এবং নৃত্যকলা বিভাগ পরিবেশন করে নৃত্যানুষ্ঠান।

উৎসবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের নৃত্যকলা বিভাগ ও সংগীত বিভাগের মোট ৩০জন শিক্ষক-শিক্ষার্থী অংশগ্রহণ করেন।

উল্লেখ্য, এরই ধারাবাহিকতায় আগামী বছর ২০১৮ সালের ২৮ ও ২৯ মার্চ ঢাকা বিশ্ববিদ্যালয়ে উদ্‌যাপিত হবে রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয় উৎসব।

পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তির আবেদনপত্র আহ্বান

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তির (জানুয়ারি-জুন) জন্য আগ্রহী প্রার্থীদের কাছ থেকে নির্ধারিত ফরমে আবেদনপত্র আহবান করা হয়েছে। রেজিস্ট্রার অফিসের এম.ফিল ও পিএইচ.ডি. শাখার ৩২৩ নং কক্ষ থেকে আবেদনপত্র সংগ্রহ করা যাবে। এম.ফিল সনদপত্র অথবা সকল পরীক্ষা পাশের মূল নম্বরপত্র এবং জনতা ব্যাংক টিএসসি শাখায় ১ হাজার টাকা জমার রশিদ দেখিয়ে প্রার্থীকে নির্ধারিত আবেদন পত্র সংগ্রহ করতে হবে। আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সংশ্লিষ্ট বিভাগের চেয়ারম্যান/ইনস্টিটিউটের পরিচালকের অফিসে জমা দিতে হবে। আবেদনপত্রের সঙ্গে সকল পরীক্ষার নম্বরপত্রের ১ (এক)টি করে ফটোকপি ও সম্প্রতি তোলা (২য় পৃষ্ঠায় দেখুন)

ঢাবি-এ জীবপ্রযুক্তিবিদদের আন্তর্জাতিক সম্মেলন অনুষ্ঠিত

দেশে-বিদেশে কর্মরত বাংলাদেশি জীবপ্রযুক্তিবিদদের সংগঠন গ্লোবাল নেটওয়ার্ক অব বাংলাদেশি বায়োটেকনোলজিস্টস (জিএনওবিবি)-এর আয়োজনে 'স্কয়ার ইন্টারন্যাশনাল কনফারেন্স অন বায়োটেকনোলজি ইন হেলথ অ্যান্ড অ্যাগ্রিকালচার ২০১৭' শীর্ষক দু'দিনের আন্তর্জাতিক সম্মেলনের উপস্থিত ছিলেন কৃষিমন্ত্রী মতিয়া চৌধুরী এমপি। বিশেষ অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয় জীববিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. ইমদাদুল হক এবং যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এম. আনোয়ার হোসেন। সম্মেলনের এই তৃতীয় আসরে প্রথম দিন বিভিন্ন দেশের

উদ্বোধনী অনুষ্ঠান গত ২৯ ডিসেম্বর ২০১৭ ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবন মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। দ্বিবার্ষিক এই সম্মেলনের উদ্বোধন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। এতে প্রধান অতিথি হিসেবে প্রায় ৪০০ জীবপ্রযুক্তিবিদ অংশ নেন। সম্মেলনের প্রধান পৃষ্ঠপোষক স্কয়ার ফার্মাসিউটিক্যালস লিমিটেড, অন্যতম পৃষ্ঠপোষক এসিআই অ্যাগ্রিবিজনেস এবং সহযোগী প্রতিষ্ঠান হিসেবে রয়েছে দৈনিক প্রথম আলো ও ম্যাগাজিন পার্টনার বিজ্ঞানচিন্তা।

ভারতে শিক্ষালাভকারী বাংলাদেশী শিক্ষার্থী সমিতি গত ২৩ ডিসেম্বর ২০১৭ ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক মোজাফ্ফর আহমেদ চৌধুরী মিলনায়তনে মহান বিজয় দিবস উপলক্ষে এক অনুষ্ঠানের আয়োজন করে। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্বাস্থ্য ও পরিবারকল্যাণমন্ত্রী মোহাম্মদ নাসিম। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ও বাংলাদেশে নিযুক্ত ভারতের ডেপুটি হাইকমিশনার ড. আদর্শ সাইকা। প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন মুক্তিযুদ্ধ জাদুঘরের ট্রাস্টি ড. মো. সারওয়ার আলী।

ঢাকা বিশ্ববিদ্যালয়ে 'বোস লেকচার-২০১৮' অনুষ্ঠিত

বিজ্ঞানী সত্যেন্দ্রনাথ বসুর কর্ম ও জীবন মানুষকে অনুপ্রেরণা দেয়–উপাচার্য

ঢাকা বিশ্ববিদ্যালয় বোস সেন্টার ফর এ্যাডভান্সড স্টাডি এন্ড রিসার্চ ইন ন্যাচারাল সায়েন্সেস-এর উদ্যোগে বিশ্ববরেণ্যে বিজ্ঞানী সত্যেন্দ্রনাথ বসুর ১২৪তম জন্মবার্ষিকী উপলক্ষে গত ১ জানুয়ারি ২০১৮ বিশ্ববিদ্যালয় নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে ঢাকা বিশ্ববিদ্যালয় পদার্থবিজ্ঞান বিভাগের প্রতিষ্ঠাতা অধ্যাপক সত্যেন্দ্রনাথ বসু'র জীবন ও কর্ম নিয়ে অনুষ্ঠিত হয় 'বোস লেকচার-২০১৮'। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বোস সেন্টার কাউন্সিলের সামগ্রিক অবদানের বিষয়ে বিস্তারিত উপস্থাপনা।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান সত্যেন্দ্রনাথ বসুর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের নাম আন্তর্জাতিক পরিমণ্ডলে যিনি পরিচিত করেছেন তিনি সত্যেন্দ্রনাথ বসু। পদার্থ বিজ্ঞানের মতো জটিল একটি বিষয় বাংলাভাষায় সাবলীলভাবে উপস্থাপন করায় মূল বক্তা অধ্যাপক ড. অরুণ কুমার বসাককে ধন্যবাদ জানান উপাচার্য। তিনি বলেন, ভালো শিক্ষকের ছাত্র ভালোই হয়। স্যার জগদীশ চন্দ্র বসু ও প্রফুল্ল চন্দ্র রায়ের ছাত্র

সভাপতি ও বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান।

বোস সেন্টার-এর পরিচালক অধ্যাপক ড. সুপ্রিয়া সাহার সভাপতিত্বে অনুষ্ঠিত এতে বিশেষ অতিথি ছিলেন প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন এবং বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ আবদুল আজিজ। মূল বক্তব্য উপস্থাপন করেন রাজশাহী বিশ্ববিদ্যালয় পদার্থবিজ্ঞান বিভাগের এমেরিটাস অধ্যাপক ড. অরুণ কুমার বসাক। দেশবরেণ্যে এই পদার্থ বিজ্ঞানীর বক্তব্যে ছিল বহুদর্শী বিজ্ঞানী সত্যেন্দ্রনাথ বসুর জন্ম, শিক্ষা, কর্মজীবন, গবেষণা, স্বীকৃতি ও সম্মাননা, কোয়ান্টাম পরিসংখ্যান ও বোস-আইনস্টাইন তত্ত্বসহ বিজ্ঞানে তাঁর ছিলেন সত্যেন বোস। কিছু ক্ষণজন্মা মানুষ একটি যুগে জন্মায় এবং জ্ঞানের উৎকর্ষতা দিয়ে তাঁরা সমাজকে আলোকিত করেন। ভালো বিষয়গুলো বারবার আলোচনা করা দরকার কারণ এগুলো যুগে যুগে মানুষকে অনুপ্রেরণা দেয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের গর্ব সত্যেন বোস এমনি একজন মানুষ যাঁর জীবন ও কর্ম যতবার আলোচনা করা হোক না কেন তাঁর সমকালীনতা ও প্রাসঙ্গিকতা শেষ হয় না।

পরিশেষে ধন্যবাদ জ্ঞাপন করেন অধ্যাপক ড. মো. কামরুল হাসান।

উল্লেখ্য, অধ্যাপক এস এন বোস ১৮৯৪ সালে ১ জানুয়ারি জন্মগ্রহণ করেন এবং ১৯৭৪ সালের ৪ ফেব্রুয়ারি পরলোক গমন করেন।

জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি দিবস পালন কর্মসূচীর অংশ হিসেবে গত ১২ ডিসেম্বর ২০১৭ শাহবাগস্থ জাতীয় জাদুঘর প্রাঙ্গণ থেকে বের করা হয় এক বর্ণাঢ্য র‍্যালি। র‍্যালির উদ্বোধন করেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তির প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক এমপি। এসময় উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সচিব সুবীর কিশোর চৌধুরী বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। র‍্যালিটি কেন্দ্রীয় শহীদ মিনারে গিয়ে শেষ হয়।

পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তির আবেদনপত্র আহ্বান

(১ম পৃষ্ঠার পর)

২ (দুই) কপি ছবি সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক/বিভাগের চেয়ারম্যান /ইনস্টিটিউটের পরিচালক কর্তৃক সত্যায়িত করে জমা দিতে হবে। বিদেশ থেকে অর্জিত ডিগ্রির সমতা নিরূপণের পর ভর্তির আবেদন করতে হবে। পূর্ণাঙ্গ ও সঠিক তথ্য প্রদান না করলে ভর্তি বাতিল বলে গণ্য হবে। পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তির জন্য প্রার্থীকে এম.ফিল. পাশ অথবা পাবলিক বিশ্ববিদ্যালয় থেকে ৪ বছর মেয়াদী স্নাতক সম্মান ও ১ বছর মেয়াদী মাস্টার্স ডিগ্রি অথবা ৩ বছর মেয়াদী স্নাতক সম্মান ও ১ বছর মেয়াদী মাস্টার্স ডিগ্রীর অধিকারী হতে হবে। প্রার্থীদের সকল পরীক্ষায় কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণীসহ ন্যূনতম ৫০% নম্বর থাকতে হবে। CGPA নিয়মে মাধ্যমিক/সমমান থেকে স্নাতক/স্নাতকোত্তর পর্যন্ত সকল পরীক্ষায় CGPA ৫-এর মধ্যে ৩.৫ অথবা CGPA ৪-এর মধ্যে ৩ থাকতে হবে। প্রার্থীদের স্নাতক পর্যায়ে কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠানে কমপক্ষে ২ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে অথবা কোন স্বীকৃতমানের গবেষণা প্রতিষ্ঠানে কমপক্ষে ২ বছরের গবেষণা সংক্রান্ত কাজের অভিজ্ঞতা থাকতে হবে অথবা সরকারি, বেসরকারি, স্বায়ত্তশাসিত বা আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কমপক্ষে ২ বছরের চাকুরির অভিজ্ঞতা থাকতে হবে। এছাড়া, প্রার্থীদের স্বীকৃতমানের জার্নালে প্রকাশিত কমপক্ষে ২টি গবেষণা প্রবন্ধ থাকতে হবে। কলা অনুষদ, সামাজিক বিজ্ঞান অনুষদ ও বিজনেস স্টাডিজ অনুষদের ক্ষেত্রে অন্তত ১টি গবেষণা প্রকাশনা একক নামে হতে হবে।

উল্লেখ্য, দেশের কোন বেসরকারি বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রি অর্জনকারীরা ঢাকা বিশ্ববিদ্যালয়ের পিএইচ. ডি. প্রোগ্রামে সরাসরি ভর্তি হতে পারবেন না। পিএইচ. ডি. প্রোগ্রামে ভর্তির আগে তাদের ঢাকা বিশ্ববিদ্যালয়ের এমফিল প্রোগ্রামে ভর্তি হতে হবে। বেসরকারি বিশ্ববিদ্যালয় থেকে এম. ফিল ডিগ্রিধারীদের আবেদনপত্র সংগ্রহের পূর্বে অর্জিত ডিগ্রির সমতা নিরূপণের জন্য সংশ্লিষ্ট কমিটির কাছে দরখাস্ত করতে হবে। এ ব্যাপারে বিস্তারিত তথ্যের জন্য এম. ফিল-পিএইচ. ডি. শাখায় যোগাযোগ করা যাবে।

ঢাকা বিশ্ববিদ্যালয় চতুর্থ শ্রেণী কর্মচারীদের আবাসিক ভবন "বঙ্গবন্ধু টাওয়ার"-এর অবশিষ্ট ১১তলা থেকে ২০-তলার উর্ধ্বমুখী সংস্কার কাজ গত ২০ ডিসেম্বর ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান উদ্বোধন করেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের মতো গণতান্ত্রিক প্রতিষ্ঠান সচল রাখতে প্রয়োজন ডাকসু নির্বাচন - উপাচার্য

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেছেন, 'গণতন্ত্রের সূতিকাগার হচ্ছে ঢাকা বিশ্ববিদ্যালয়। এটি হচ্ছে গণতান্ত্রিক প্রতিষ্ঠান। আমরা এই গণতান্ত্রিক প্রতিষ্ঠান সচল রাখতে চাই। আমরা ডাকসু নির্বাচন করব ইনশাল্লাহ।' গত ১৩ ডিসেম্বর ২০১৭ ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে ঢাবি সাংবাদিক সমিতি (ডুজা) আয়োজিত 'গণমাধ্যম বনাম সামাজিক মাধ্যম' শীর্ষক বার্ষিক সেমিনার ও দায়িত্ব হস্তান্তর অনুষ্ঠানে উপাচার্য এসব কথা বলেন।

উপাচার্য আরও বলেন, 'ডাকসু নির্বাচন না হওয়ার পেছনে কোনো সুনির্দিষ্ট যুক্তি ছিল বলে মনে করি। বাস্তবতা হলো, আমরা ডাকসু নির্বাচন চাই এবং গত ২৭ বছর ধরে ডাকসু নির্বাচন হয়নি। প্রত্যাশা করি ডাকসু নির্বাচন হবে। তিনি সাংবাদিক সমিতির উত্তরোত্তর সমৃদ্ধি কামনা করে বলেন, ঢাবি গণতন্ত্রের জন্য সংগ্রাম করেছে। আর এর অন্যতম একটি প্রতিষ্ঠান হচ্ছে ঢাকা বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতি। এটি গণতন্ত্রের সব কর্মকাণ্ড অনুসরণ করে পরিচালিত হয়।

বিশেষ অতিথির বক্তব্যে ঢাবি শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল বলেন, 'পরিবর্তনের জন্য তথ্যের কোনো বিকল্প নেই। আর এ পরিবর্তন হতে হবে জ্ঞান বৃদ্ধির পরিবর্তন। এর মাধ্যমে আমরা যেন সমাজকে পরিবর্তন করতে চাই, সেই লক্ষ্য রাখতে হবে।'

ঢাবি সাংবাদিক সমিতির নবনির্বাচিত সভাপতি আসিফুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানটি সঞ্চালনা করেন নবনির্বাচিত সাধারণ সম্পাদক মাহমুদুল হাসান নয়ন। অনুষ্ঠানের মূল প্রবন্ধ উপস্থাপন করেন ঢাবির গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের অধ্যাপক ড. রোবায়েত ফেরদৌস।

প্রাণ রসায়ন ও অনুপ্রাণ বিজ্ঞান বিভাগের ৬০ বছর পূর্তি

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রাণ রসায়ন ও অনুপ্রাণ বিজ্ঞান বিভাগের ৬০ বছর পূর্ণ হয়েছে। এ উপলক্ষে গত ২৩ ডিসেম্বর ২০১৭ বিশ্ববিদ্যালয় কার্জন হল প্রাঙ্গণে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে দু'দিনব্যাপী বর্ণাঢ্য অনুষ্ঠানের উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। বিশেষ অতিথি হিসেবে তিনি বলেন, বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা সমাজের বিভিন্ন জায়গায় ছড়িয়ে যান এবং একটি বিশ্ববিদ্যালয়ের কাছে সমাজের চাহিদা কী, তা তারা বুঝতে পারেন। তাই পঠন-পাঠনের পাশাপাশি সমাজের প্রয়োজনে একজন নৈতিক ও আদর্শবান মানুষ হিসেবে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের গড়ে তুলতে হবে। তিনি আরও বলেন,

উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ এবং জীববিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. ইমদাদুল হক।

"প্রাণে অনুপ্রাণে গৌরবের ৬০ বছর" শীর্ষক স্লোগানে প্রাণবন্ত এই অনুষ্ঠানে দেশ ও বিদেশ থেকে আগত প্রায় ৬শতাধিক সাবেক ও বর্তমান শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন। দিনব্যাপী অনুষ্ঠানের শুরুতে ক্যাম্পাসে বর্ণাঢ্য এক র‍্যালি বের করা হয়। এছাড়া, উন্মুক্ত আলোচনা, স্মৃতিচারণ, র‍্যাফেল ড্র এবং মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

উদ্বোধনী বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বিভাগের ৬০ বছর পূর্তি উৎসব আয়োজনের জন্য বিভাগের আয়োজক কমিটিকে ধন্যবাদসহ অংশগ্রহণকারী বর্তমান ও প্রাক্তন ছাত্র-শিক্ষকদের প্রতি শুভেচ্ছা জানান। প্রাণরসায়ন ও অনুপ্রাণ বিজ্ঞান বিভাগের দীর্ঘ কার্যক্রমের মাধ্যমে প্রাণরসায়ন শিক্ষায় অনেক জনসম্পদ তৈরী করেছে। এর মাধ্যমে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অনেক সমৃদ্ধ হয়েছে। পরিশেষে তিনি শিক্ষার্থীদের নৈতিক গুণাবলি বিকাশে বিশ্ববিদ্যালয়কেই দায়িত্ব নেওয়ার উপর গুরুত্বারোপ করেন।

অনুষ্ঠানে ধন্যবাদ জ্ঞাপন করেন আয়োজক কমিটির সদস্য-সচিব অধ্যাপক ড. শামিমা নাসরীন শাহেদ। বিভাগীয় চেয়ারম্যান ও উদ্‌যাপন কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. মো. সায়েদুল ইসলামের সমাপনী বক্তব্যের মাধ্যমে প্রথম দিনের অনুষ্ঠান সমাপ্ত হয়।

উল্লেখ্য, ৬০ বছর পূর্তি উপলক্ষে বিভাগীয় চেয়ারম্যান অধ্যাপক ড. মো. সায়েদুল ইসলামকে আহ্বায়ক এবং অধ্যাপক ড. শামিমা নাসরীন শাহেদকে সাধারণ সম্পাদক করে '৬০ বছর পূর্তি আয়োজক কমিটি' গঠন করা হয়।

Industrial Relations and Labour Studies শীর্ষক জাতীয় সেমিনার

গত ৬ জানুয়ারি ২০১৮ ঢাকা বিশ্ববিদ্যালয় সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউট অডিটোরিয়ামে বিশেষায়িত মাস্টার্স প্রোগ্রাম Industrial Relations and Labour Studies এর উদ্যোগে এক জাতীয় সেমিনার অনুষ্ঠিত হয়েছে।

সেমিনারের মূল বিষয় ছিল "Social Compliance in RMG Sector of Bangladesh"। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এফবিসিসিআই এর প্রেসিডেন্ট মো. শফিউল ইসলাম মহিউদ্দিন। বিশেষ অতিথি ছিলেন সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. তানিয়া রহমান, বিজিএমইএ-এর ভাইস-প্রেসিডেন্ট মোহাম্মদ নাছির, বিএলএমইএ-এর প্রেসিডেন্ট সিব্বির মাহমুদ এবং সোনালী গ্রুপ এর ব্যবস্থাপনা পরিচালক ও সিইও মো. আলী হোসেইন শিশির। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন "Industrial Relations and Labour Studies" প্রোগ্রামের প্রোগ্রাম-কোঅর্ডিনেটর অধ্যাপক ড. গোলাম রব্বানী।



শহীদ বুদ্ধিজীবী দিবস ও মহান বিজয় উৎসব উপলক্ষে স্লোগান '৭১-এর উদ্যোগে ৩-দিনব্যাপী "রক্তে রাঙা বিজয় আমার-২০১৭" ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। ছবিতে উপাচার্যকে স্লোগান '৭১-এর শিক্ষার্থীদের শপথ বাক্য পাঠ করাতে দেখা যাচ্ছে।

পঞ্চম বারের মত ঢাবি শিক্ষক ক্রিকেট লীগ

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক ক্রিকেট লীগ-২০১৮ গত ৯ জানুয়ারি ২০১৮ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে সকালে খেলার উদ্বোধন করেন। ঢাকা বিশ্ববিদ্যালয় ক্রিকেট কমিটি এই লীগের আয়োজন করেছে।

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্রিকেট কমিটির সভাপতি অধ্যাপক ড. মো. হাসিবুর রশীদের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বিভিন্ন অনুষদের ডিন, বিভিন্ন হলের প্রভোস্ট ও শিক্ষকগণ উপস্থিত ছিলেন।

শিক্ষকদের জন্য পঞ্চম বারের মত আয়োজিত এই ক্রিকেট লীগে স্বোপার্জিত স্বাধীনতা, অপরাজেয় বাংলা, মহান একুশে, উত্তাল উনসত্তর এবং দুর্বার ৭১ নামে ৫টি দল অংশগ্রহণ করছে। উদ্বোধনী খেলায় উত্তাল উনসত্তর দল মহান একুশে দলকে ৫ উইকেটে পরাজিত করে।

প্রতিদিন ২টি করে খেলা অনুষ্ঠিত হবে। আগামী ২০ জানুয়ারি শনিবার ফাইনাল খেলা অনুষ্ঠিত হবে।

আজমল হকের ইন্তেকালে উপাচার্যের শোক প্রকাশ

আজমল হক

ঢাকা বিশ্ববিদ্যালয় জনসংযোগ দফতরের অবসরপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় ফটোগ্রাফার আজমল হক গত ২১ ডিসেম্বর ২০১৭ নিজ বাসভবনে ইন্তেকাল করেন। (ইন্নালিল্লাহি ...... রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৯২ বছর। মৃত্যুকালে তিনি চার মেয়ে, দুই ছেলেসহ অসংখ্য আত্মীয়-স্বজন ও শুভানুধ্যায়ী রেখে গেছেন।

আজমল হকের মৃত্যুতে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গভীর শোক প্রকাশ করেছেন। এক শোকবাণীতে উপাচার্য বলেন, আজমল হক বিশ্ববিদ্যালয়ের একজন নিষ্ঠাবান কর্মকর্তা ছিলেন। উপাচার্য মরহুমের রুহের মাগফেরাত কামনা করেন এবং তাঁর পরিবারের শোক-সন্তপ্ত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

আজমল হক ১৯২৫ সালের ১ মার্চ পাবনা জেলার শাহজাদপুরে জন্মগ্রহণ করেন। পূর্ব পাকিস্তানে তথ্য দফতরে দাফতরিক ফটোগ্রাফার হিসেবে তিনি কাজ করেন। ১৯৬৩ সালের ২১ সেপ্টেম্বর তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় জনসংযোগ দফতরে ফটোগ্রাফার পদে যোগদান করেন। ১৯৭৪ সালে চিফ ফটোগ্রাফার হিসেবে পদোন্নতি লাভ করেন। পরবর্তীতে বিশ্ববিদ্যালয় ফটোগ্রাফার হিসেবে ১৯৮৯ সালে অবসর গ্রহণ করেন।

আজমল হকের পিতার নাম ডা. আবদুল হক। ঢাকা বিশ্ববিদ্যালয় ইংরেজি বিভাগের প্রয়াত অধ্যাপক ড. আহসানুল হক, বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব ও একুশে পদকপ্রাপ্ত ফটোগ্রাফার আমানুল হক এবং বিশ্ববিদ্যালয় ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের অধ্যাপক ড. আয়শা বেগমসহ সাত ভাই ও দুই বোনের মধ্যে তিনি বড় ছিলেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় মসজিদুল জামিয়ায় নামাজে জানাজা শেষে আজিমপুর কবরস্থানে তাঁকে দাফন করা হয়।

উপাচার্যের সাথে বিদেশী অতিথিবৃন্দের সাক্ষাৎ

চীনা প্রতিনিধিদল

চীনের ঝংইয়ান ইউনিভার্সিটি অব টেকনোলজি'র ৫-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধিদল গত ২৬ ডিসেম্বর ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে। প্রতিনিধি দলের সদস্যরা হলেন- ঝংইয়ান ইউনিভার্সিটির স্কুল অব কম্পিউটার সায়েন্স-এর ডিন অধ্যাপক ড. লিউ ওয়েইগুয়াং, দি ইকোনমিক্স এন্ড ম্যানেজমেন্ট স্কুলের ডিন অধ্যাপক ঝাউ ঝিকুয়ান, স্কুল অব ফরেন ল্যাংগুয়েজ-এর ডিন অধ্যাপক গিও ওয়ানকুন, এডুকেশনাল কো-অপারেশন এন্ড এক্সচেঞ্জ-এর ডেপুটি ডিরেক্টর মি. গং হেইলং এবং একই ইউনিভার্সিটির দি পার্টি কমিটি'র সেক্রেটারি অধ্যাপক ড. কিউ শি ঝং।

সাক্ষাৎকালে তারা পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়ে বিশেষ করে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং চীনের ঝংইয়ান ইউনিভার্সিটি অব টেকনোলজি-এর মধ্যে যৌথ শিক্ষা ও প্রযুক্তি বিষয়ক কার্যক্রম সম্পর্কে মতবিনিময় করেন। উভয় প্রতিষ্ঠানের মধ্যে শিক্ষক, শিক্ষার্থী ও গবেষক বিনিময়ের সম্ভাব্যতা নিয়েও আলোচনা করেন। আলোচনাকালে দুই বিশ্ববিদ্যালয়ের পারস্পরিক বিদ্যায়তনিক সহযোগিতার ওপর গুরুত্বারোপ করা হয়।

উপাচার্য ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এর শিক্ষা কার্যক্রমের প্রতি গভীর আগ্রহ প্রকাশের জন্য প্রতিনিধিদলের সদস্যদের আন্তরিক ধন্যবাদ জানান।

জাইকা প্রতিনিধিদল

জাপান ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সির (জাইকা) সিনিয়র রিপ্রেজেনটেটিভ হিতোশি আরা-এর নেতৃত্বে ২-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধি দল গত ২৬ ডিসেম্বর ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে। এসময় প্রতিনিধি দলের সাথে জাপান ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সি বাংলাদেশস্থ অফিসের কর্মকর্তা আলিমুল হাসান উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তাঁরা জাপান এবং বাংলাদেশের উচ্চশিক্ষা সংক্রান্ত পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়ে মত বিনিময় করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, গবেষক ও শিক্ষার্থীদের 'ইনোভেটিভ এশিয়া স্কলারশিপ' সম্পর্কিত বিনিময় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়। বিশেষত: 'ইনোভেটিভ এশিয়া স্কলারশিপ'-এর আওতাভুক্ত জাপানের প্রায় ১৫টির বেশি বিশ্ববিদ্যালয় প্রদত্ত এই বৃত্তির বাছাই প্রক্রিয়া নিয়ে আলোচনাকালে গুরুত্বারোপ করা হয়।

উপাচার্য ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এর শিক্ষা কার্যক্রমের প্রতি আগ্রহ প্রকাশের জন্য প্রতিনিধি দলকে ধন্যবাদ জানান উপাচার্য।

যুক্তরাষ্ট্রের প্রতিনিধিদল

যুক্তরাষ্ট্রের ইম্পোরিয়া স্টেট ইউনিভার্সিটির আন্তর্জাতিক শিক্ষা বিভাগের নির্বাহী পরিচালক ড. মার্ক ডেলি-এর নেতৃত্বে ২-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধি দল গত ৯ জানুয়ারি ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে। প্রতিনিধি দলের অন্য সদস্য ছিলেন- একই বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. মোহাম্মদ সাজেদুর রহমান। এসময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন এবং ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমস বিভাগের সহকারী অধ্যাপক ড. রাকিবুল হক উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়ে বিশেষ করে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং যুক্তরাষ্ট্রের ইম্পোরিয়া স্টেট ইউনিভার্সিটির মধ্যে বিভিন্ন ক্ষেত্রে যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম চালুর সম্ভাব্যতা নিয়ে আলোচনা করেন। এসময় উভয় বিশ্ববিদ্যালয়ের মধ্যে শিক্ষক বিনিময় কর্মসূচী চালুর ব্যাপারেও মত বিনিময় করা হয়। শিক্ষণ-দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের তরুণ শিক্ষকদের প্রশিক্ষণ প্রদানের বিষয়ে যুক্তরাষ্ট্রের প্রতিনিধি দল আগ্রহ প্রকাশ করেন। পারস্পরিক স্বার্থে আন্তঃবিভাগীয় গবেষণা কার্যক্রম পরিচালনার ওপর তারা গুরুত্বারোপ করেন।

জাপান ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সির (জাইকা) সিনিয়র রিপ্রেজেনটেটিভ হিতোশি আরা-এর নেতৃত্বে ২-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধি দল গত ২৬ ডিসেম্বর ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে।

চীনের ঝংইয়ান ইউনিভার্সিটি অব টেকনোলজি'র ৫-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধিদল গত ২৬ ডিসেম্বর ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে। প্রতিনিধি দলের সদস্যরা হলেন- ঝংইয়ান ইউনিভার্সিটির স্কুল অব কম্পিউটার সায়েন্স-এর ডিন অধ্যাপক ড. লিউ ওয়েইগুয়াং, দি ইকোনমিক্স এন্ড ম্যানেজমেন্ট স্কুলের ডিন অধ্যাপক ঝাউ ঝিকুয়ান, স্কুল অব ফরেন ল্যাংগুয়েজ-এর ডিন অধ্যাপক গিও ওয়ানকুন, এডুকেশনাল কো-অপারেশন এন্ড এক্সচেঞ্জ-এর ডেপুটি ডিরেক্টর মি. গং হেইলং এবং একই ইউনিভার্সিটির দি পার্টি কমিটি'র সেক্রেটারি অধ্যাপক ড. কিউ শি ঝং।

ভারতের হায়দারাবাদস্থ চৈতন্য ভারতী ইনস্টিটিউট অব টেকনোলজি (সিবিআইটি)-এর স্কুল অব ম্যানেজমেন্ট স্টাডিজের অধ্যাপক ড. এ রামচন্দ্র আর্যশ্রী গত ২৩ ডিসেম্বর ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর অফিসে সাক্ষাৎ করেন। এসময় বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য ও প্রো-উপাচার্য অধ্যাপক ড. সহিদ উদ্দীন আহমেদ উপস্থিত ছিলেন।

যুক্তরাষ্ট্রের ইম্পোরিয়া স্টেট ইউনিভার্সিটির আন্তর্জাতিক শিক্ষা বিভাগের নির্বাহী পরিচালক ড. মার্ক ডেলি-এর নেতৃত্বে ২-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধি দল গত ৯ জানুয়ারি ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে। এসময় কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন উপস্থিত ছিলেন।

রোহিঙ্গা সংকট বিষয়ক দিনব্যাপী আলোচনা সভা

সুইডেন এলামনাই নেটওয়ার্ক ইন বাংলাদেশ-এর উদ্যোগে "Networking and Discussion on Rohingya Crisis" শীর্ষক দিনব্যাপী এক আলোচনা সভা গত ২০ ডিসেম্বর ২০১৭ মোকাররম হোসেন ড. সাদেকা হালিম, আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের অধ্যাপক ড. দেলোয়ার হোসেন ও অধ্যাপক ড. লাইলুফার ইয়াসমিন পৃথক পৃথক প্রবন্ধ উপস্থাপন করেন। সুইডেন এলামনাই নেটওয়ার্ক ইন বাংলাদেশ-এর



খোন্দকার বিজ্ঞান ভবনে অনুষ্ঠিত হয়েছে। সুইডিশ ইনস্টিটিউট এর সহযোগিতায় এই অনুষ্ঠানের আয়োজন করা হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয় রসায়ন বিভাগের সাবেক চেয়ারপার্সন অধ্যাপক ড. নীলুফার নাহারের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বাংলাদেশে নিযুক্ত সুইডেনের রাষ্ট্রদূত মিজ শারলোটা স্লিটার প্রধান অতিথি এবং বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. আব্দুল আজিজ বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। জাতীয় মানবাধিকার কমিশনের সাবেক চেয়ারম্যান অধ্যাপক ড. মিজানুর রহমান, সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক প্রধান এবং ঢাকা বিশ্ববিদ্যালয় রসায়ন বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ শোয়েব অনুষ্ঠান সঞ্চালন করেন।

সুইডেনের রাষ্ট্রদূত মিজ শারলোটা স্লিটার রোহিঙ্গা শরণার্থীদের সাহায্যার্থে আর্থিক অনুদান বাড়ানোর জন্য আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি আহ্বান জানান। রোহিঙ্গা সংকটকে বাংলাদেশের অন্যতম বড় চ্যালেঞ্জ হিসেবে বর্ণনা করে তিনি বলেন, সুইডেনের সরকার এ বিষয়ে অত্যন্ত উদ্বিগ্ন। রোহিঙ্গা ইস্যুতে বাংলাদেশের প্রতি সুইডেনের সমর্থন ও সহযোগিতা অব্যাহত থাকবে বলে তিনি আশ্বাস দেন।

গত ১ জানুয়ারি ২০১৮ জাতীয়ভাবে বই বিতরণ উৎসব পালন করা হয়েছে। এ উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ কার্যক্রমের উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। এসময় বিদ্যালয়ের অধ্যক্ষা ড. উম্মে সালেমাসহ অন্যান্য শিক্ষক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। ছবিতে উপাচার্যকে শিক্ষার্থীদের মাঝে বই বিতরণ করতে দেখা যাচ্ছে।

নিউক্লিয়ার ইঞ্জিনিয়ারিং বিভাগে পরমাণু নিরাপত্তা বিষয়ক সেমিনার

গত ১৩ ডিসেম্বর ২০১৭ ঢাকা বিশ্ববিদ্যালয় নিউক্লিয়ার ইঞ্জিনিয়ারিং বিভাগে এক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। উক্ত সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক মন্ত্রণালয়ের সচিব মো. আনোয়ার হোসেন। সেমিনারে সম্ভাবনাময় আধুনিক প্রযুক্তি তথা অত্যধিক নিরাপত্তা বিশিষ্ট জেনারেশন-৪ স্মল মডিউল রিএ্যাক্টর (এসএমআর)-এর ওপর মূল প্রবন্ধ উপস্থাপন করেন যুক্তরাজ্যের কেমব্রিজ বিশ্ববিদ্যালয়ের গবেষক সৈয়দ বাহাউদ্দিন আলম। তিনি প্রবন্ধে বর্তমানে বিশ্বে চালুকৃত ৪৫০টি পরমাণু চুল্লি এবং নির্মাণাধীন ৬০টি জেনারেশন-৩/৩+ পরমাণু চুল্লি থেকে এসএমআর অধিকতর নিরাপত্তা, অর্থনৈতিক ও কারিগরি সুবিধার দিক সমূহ তুলে ধরেন। সেমিনারে সভাপতিত্ব করেন বিভাগের চেয়ারম্যান ড. মো. শফিকুল ইসলাম।

প্রধান অতিথির বক্তব্যে সচিব মো: আনোয়ার হোসেন বাংলাদেশের মত উন্নয়নশীল ও জনবহুল দেশে এ ধরনের রিএ্যাক্টর সাশ্রয়ী মূল্যে পরিবেশ সুরক্ষায় নিরাপত্তা ঝুঁকিবিহীন বিদ্যুৎ সমস্যা সমাধানে বিশেষ ভূমিকা রাখবে বলে আশাবাদ ব্যক্ত করেন।

সভাপতির বক্তব্যে পরমাণু বিজ্ঞান, প্রযুক্তি ও প্রকৌশলমনস্ক সঠিক জ্ঞান চর্চায় উদ্বুদ্ধ হয়ে দক্ষ মানব সম্পদ হিসেবে শিক্ষার্থীরা গড়ে উঠতে এ ধরনের সেমিনার অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে বিভাগের চেয়ারম্যান আশাবাদ ব্যক্ত করেন।

সেমিনারে বিভাগের শিক্ষক-শিক্ষার্থী ছাড়াও ঢাকা বিশ্ববিদ্যালয় পদার্থ বিজ্ঞান বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় ও এমআইএসটি থেকে শিক্ষক ও শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন।

পুষ্টি ও খাদ্য বিজ্ঞান ইনস্টিটিউটের গবেষণা প্রকল্পের সমাপনী সেমিনার

ঢাকা বিশ্ববিদ্যালয় পুষ্টি ও খাদ্য বিজ্ঞান ইনস্টিটিউটের উচ্চশিক্ষা মান উন্নয়ন প্রকল্পের আওতায় "Advancement of Food Composition Activities of CARS with a state of the Art Instrumentation Laboratory" শীর্ষক প্রকল্পের সমাপনী সেমিনার গত ২৭ ডিসেম্বর ২০১৭ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত হয়েছে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান। অনুষ্ঠানে জীব বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. ইমদাদুল হক এবং উচ্চশিক্ষার মান উন্নয়ন প্রকল্প (HEQEP)-এর পরিচালক ড. গৌরাঙ্গ চন্দ্র মোহান্ত বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

সভাপতির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গবেষণাটি অত্যন্ত সফলভাবে সমাপ্ত করায় অধ্যাপক ড. নাজমা শাহীন ও তাঁর সহযোগীদের আন্তরিক ধন্যবাদ জানান।

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান প্রধান অতিথির বক্তব্যে বলেন, উচ্চশিক্ষার উন্নয়ন ও গবেষণায় মঞ্জুরী কমিশন সার্বিকভাবে সহায়তা প্রদান করে যাচ্ছে।

পুষ্টি ও খাদ্য বিজ্ঞান ইনস্টিটিউটের পরিচালক ও উক্ত প্রকল্পের উপ-প্রকল্প পরিচালক অধ্যাপক ড. নাজমা শাহীন প্রকল্প সম্পর্কে বিস্তারিত তুলে ধরেন এবং উপস্থিত সকলকে সমাপ্ত গবেষণা সম্পর্কে অবহিত করেন।

চারুকলা অনুষদে জয়নুল জন্মজয়ন্তী

শিল্পাচার্য জয়নুল আবেদিনের ১০৩তম জন্মজয়ন্তী উপলক্ষে দিনব্যাপী জয়নুল উৎসব এবং বার্ষিক লোকজ মেলা গত ২৯ ডিসেম্বর ২০১৭ চারুকলা অনুষদে উদ্বোধন করা হয়েছে। শিল্পাচার্যের সমাধিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে অনুষ্ঠানের সূচনা করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে বিশিষ্ট বরেণ্য শিল্পীদের জয়নুল সম্মাননা প্রদান করা হয়।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ সরকারের সংস্কৃতি মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী আসাদুজ্জামান নূর এমপি। এতে বিশেষ অতিথি ছিলেন BIMSTEC-এর সেক্রেটারি জেনারেল এম. সহিদুল ইসলাম এবং প্রকৌশলী ময়নুল আবেদিন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান শিল্পাচার্য জয়নুল আবেদিনের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে বলেন, বাঙালি জাতির স্বকীয়তা, শিল্প ও সংস্কৃতিবোধ জাগিয়ে তুলতে তিনি অনন্য অবদান রেখে গেছেন। উপাচার্য নিজের দেশ, ভাষা ও সংস্কৃতিকে ভালবাসার জন্য তরুণ প্রজন্মের প্রতি আহ্বান জানিয়ে বলেন, শিল্পাচার্যের আদর্শকে ধারণ করে শিক্ষার্থীদের নিজেদের অসাম্প্রদায়িক মানুষ হিসেবে গড়ে তুলতে হবে।

উল্লেখ্য, দিনব্যাপী জয়নুল উৎসব এবং বার্ষিক লোকজ মেলায় পটের গান, পালা-পার্বণ শীর্ষক আলোকচিত্র প্রদর্শনী, সংগীতানুষ্ঠান, নৃত্য ও তথ্যচিত্র প্রদর্শনীর আয়োজন করা হয়।

৯ম জাতীয় স্নাতক গণিত অলিম্পিয়াড

ঢাকা বিশ্ববিদ্যালয় ফলিত গণিত বিভাগের উদ্যোগে '৯ম জাতীয় স্নাতক গণিত অলিম্পিয়াড ২০১৭'-এর চূড়ান্ত পর্ব গত ২৯ ডিসেম্বর ২০১৭ এ এফ মুজিবুর রহমান গণিত ভবনে অনুষ্ঠিত হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সকালে দিনব্যাপী এই অলিম্পিয়াডের উদ্বোধন করেন। এ উপলক্ষে উপাচার্যের নেতৃত্বে ক্যাম্পাসে এক বর্ণাঢ্য র‍্যালি বের করা হয়।

উদ্বোধনী অনুষ্ঠানে ৯ম জাতীয় স্নাতক গণিত অলিম্পিয়াডের আহ্বায়ক অধ্যাপক ড. মুনিবুর রহমান চৌধুরী এবং বাংলাদেশ গণিত সমিতির সভাপতি অধ্যাপক সাজেদা বানু বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন। বাংলাদেশ গণিত সমিতির তত্ত্বাবধানে ও এ এফ মুজিবুর রহমান ফাউন্ডেশনের পৃষ্ঠপোষকতায় এ প্রতিযোগিতার আয়োজন করা হয়।

উল্লেখ্য, নতুন প্রজন্মের কাছে গণিতকে জনপ্রিয় করার লক্ষ্যে দেশব্যাপী এই গণিত অলিম্পিয়াডের আয়োজন করা হয়। দেশের ৬টি বিভাগের আঞ্চলিক পর্ব থেকে নির্বাচিত মোট ৬০জন প্রতিযোগী চূড়ান্ত পর্বে অংশগ্রহণের সুযোগ পায়। চূড়ান্ত পর্বে বিজয়ী সেরা ১০জন প্রতিযোগীকে সার্টিফিকেট, ক্রেস্ট ছাড়াও এ. এফ মুজিবুর রহমান ফাউন্ডেশনের সৌজন্যে ১০,০০০/- টাকা করে এবং বাংলাদেশ গণিত সমিতির সৌজন্যে শ্রেষ্ঠ ৩জনকে ৫,০০০/- টাকা করে আর্থিক পুরস্কার প্রদান করা হয়।

বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হলে পরিচ্ছন্নতা কর্মসূচী

ঢাকা বিশ্ববিদ্যালয় বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হলে পরিচ্ছন্নতা কর্মসূচীর উদ্বোধন করা হয়েছে। গত ১২ ডিসেম্বর ২০১৭ হল অডিটোরিয়ামে পরিচ্ছন্নতা কর্মসূচীর উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন হলের প্রাধ্যক্ষা অধ্যাপক ড. জাকিয়া পারভীন। হলের বিভিন্ন বিভাগের ২৫জন ছাত্রীদের নিয়ে পরিচ্ছন্নতা কর্মসূচীর আয়োজন করা হয়েছে। হল কর্তৃপক্ষ এ আয়োজনের সাথে সম্পৃক্ত থেকে পরিচ্ছন্নতা কর্মসূচী আয়োজন করায় তিনি ধন্যবাদ জানান। পাশাপাশি এ বিষয়ে সচেতনতা সৃষ্টির জন্য শিক্ষক ও শিক্ষার্থীদের প্রতি উপাচার্য আহ্বান জানান।

উদ্বোধনী বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, তিন বছর পর ঢাকা বিশ্ববিদ্যালয় শতবর্ষ উদ্‌যাপন করবে। সে লক্ষ্যেই এই বিশ্ববিদ্যালয়কে পরিচ্ছন্ন ও সৌন্দর্যমণ্ডিত একটি মডেল শিক্ষাপ্রতিষ্ঠান হিসেবে প্রতিষ্ঠা করার লক্ষ্যে পরিচ্ছন্নতা কর্মসূচী পালনের জন্য একটি দল গঠন করা হয়েছে। হল ভবনের প্রতিটি ফ্লোরে প্রাধ্যক্ষ ও আবাসিক শিক্ষকদের তত্ত্বাবধানে ৪জন সদস্য নিয়ে পরিচ্ছন্নতার জন্য কমিটিও গঠন করা হয়েছে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ে আন্তর্জাতিক মডেল ইউএন সম্মেলন

ঢাকা ইউনিভার্সিটি মডেল ইউনাইটেড নেশন্স-এর উদ্যোগে ৪দিন ব্যাপী 'আন্তর্জাতিক মডেল ইউনাইটেড নেশন্স সম্মেলন' গত ১৮ ডিসেম্বর ২০১৭ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত হয়েছে। প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই সম্মেলন উদ্বোধন করেন। এ বছর সম্মেলনের প্রতিপাদ্য ছিল 'বৃহত্তর ভবিষ্যতের স্বার্থে বৈশ্বিক মিত্রতা'।

সম্মেলনের মহাসচিব মোস্তফা আমিন ফয়সালের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে নাহিম রাজ্জাক এমপি, ঢাকা বিশ্ববিদ্যালয় আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের অধ্যাপক ড. দেলোয়ার হোসেন, ইউএনডিপি'র কান্ট্রি ডিরেক্টর সুদীপ্ত মুখার্জী প্রমুখ বক্তব্য রাখেন।

প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ বলেন, রোহিঙ্গা সংকটসহ বৈশ্বিক নানান চ্যালেঞ্জ মোকাবেলার লক্ষ্যে তরুণ প্রজন্মকে দক্ষ মানব সম্পদ হিসেবে গড়ে ওঠতে হবে। সন্ত্রাস, মৌলবাদ, দারিদ্র, অন্যায়, অবিচার ও অসমতা থেকে পৃথিবীকে মুক্ত করতে ঐক্যবদ্ধভাবে কাজ করার জন্য তিনি তরুণ প্রজন্মের প্রতি আহ্বান জানান।

উল্লেখ্য, বাংলাদেশ, ভারত, যুক্তরাজ্য, দক্ষিণ কোরিয়া, নেপাল, আফগানিস্তান, সোমালিয়া সহ বিশ্বের বিভিন্ন দেশের প্রায় ৫শ' তরুণ শিক্ষার্থী এই সম্মেলনে অংশগ্রহণ করেন।

সারথি বৃত্তি পেলেন ৫ শিক্ষার্থী

বিভিন্ন বিভাগের ১ম বর্ষ বিএস সম্মান পরীক্ষায় সর্বোচ্চ সিজিপিএ লাভ করায় ঢাকা বিশ্ববিদ্যালয় জগন্নাথ হলের ৫জন মেধাবী ছাত্রকে 'সারথি বৃত্তি' প্রদান করা হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ১৩ ডিসেম্বর ২০১৭ আব্দুল মতিন চৌধুরী ভার্চুয়াল ক্লাসরুমে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক তুলে দেন।

জগন্নাথ হলের প্রভোস্ট অধ্যাপক ড. অসীম সরকারের সভাপতিত্বে অনুষ্ঠানে সারথির প্রতিষ্ঠাতা সভাপতি অধ্যাপক ড. পিয়াল কুমার দাশ বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান সমৃদ্ধ বাংলাদেশ গড়তে নৈতিক মূল্যবোধসম্পন্ন মানুষ হওয়ার জন্য শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান।

বৃত্তিপ্রাপ্ত ছাত্ররা হলেন- প্রান্ত দাস (পরিসংখ্যান), সঞ্জয় চাকী (ফার্মেসী), তন্ময় কুমার (ভূগোল ও পরিবেশ), অমিত রায় (কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং) এবং পিয়াল সাহা (প্রাণরসায়ন ও অনুপ্রাণ বিজ্ঞান)।

ঢাবি এবং আইসিএবি-এর মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরিত

বাংলাদেশে চার্টার্ড একাউন্টেন্সি পেশা উন্নয়নের লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় ফিন্যান্স বিভাগ এবং ইনস্টিটিউট অব চার্টার্ড একাউন্ট্যান্টস অব বাংলাদেশ (আইসিএবি)-এর মধ্যে গত ১৩ ডিসেম্বর ২০১৭ একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয় ফিন্যান্স বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. কিসমাতুল আহসান এবং আইসিএবি'র সভাপতি আদিব হোসেন খান এফসিএ নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে এই চুক্তিতে স্বাক্ষর করেন।

বিজনেস স্টাডিজ অনুষদের কনফারেন্স কক্ষে আয়োজিত চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান, বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম, আইসিএবি'র সহ-সভাপতি মোস্তফা কামাল এফসিএ, কাউন্সিল সদস্য এ এফ নিসারউদ্দিন এফসিএ সহ ঢাকা বিশ্ববিদ্যালয় ফিন্যান্স বিভাগের শিক্ষকগণ উপস্থিত ছিলেন। ফিন্যান্স বিভাগের সহকারী অধ্যাপক মোহাম্মদ সালাউদ্দিন চৌধুরী এফসিএ অনুষ্ঠান সঞ্চালন করেন।

এই সমঝোতা স্মারকের আওতায় আইসিএবি প্রফেশনাল প্রোগ্রামে ভর্তির ক্ষেত্রে ঢাকা বিশ্ববিদ্যালয় ফিন্যান্স বিভাগের বিবিএ ও এমবিএ ডিগ্রিধারী শিক্ষার্থীরা কয়েকটি কোর্সের পঠন-পাঠন থেকে অব্যাহতি পাবে।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান সমঝোতা স্মারক স্বাক্ষরের জন্য আইসিএবি কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান। এই উদ্যোগে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের পেশাগত দক্ষতা বৃদ্ধিতে সহায়ক ভূমিকা পালন করবে বলে তিনি আশা প্রকাশ করেন। প্রাপ্ত সুযোগ কাজে লাগিয়ে দক্ষ মানবসম্পদ হিসাবে গড়ে ওঠার জন্য তিনি শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান।

সম্পাদক: মাহমুদ আলম, উপ-পরিচালক (জনসংযোগ), প্রধান প্রতিবেদক: মোঃ রফিকুল ইসলাম পান্না, প্রতিবেদক: তাওহিদা খানম ও মো: আবু বকর সিদ্দিক, সম্পাদনা সহকারী: নুরুন্নাহার বেগম এবং মোঃ নজরুল ইসলাম ফটো সাংবাদিক: আনোয়ার মজুমদার, মোঃ জাকির হোসেন ও শুভাশীষ রঞ্জন সরকার। জনসংযোগ দফতর কর্তৃক প্রকাশিত এবং গ্র্যাফোসম্যান রিপ্রোডাকশন এন্ড প্রিন্টিং লি., ঢাকা কর্তৃক মুদ্রিত। ফোন: ৯৬৬১৯০০-৫৯/৪১০২, ০১৭৫৮৪৯২৪১৫